একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
www.sarail.brahmanbaria.gov.bd

স্মারক নং ০৫.৪২.১২৯৪.০০০.৩৪.০১২.২৪.৪০

০২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখঃ ---------------------
১৬ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলাধীন ২০.০০(কুড়ি) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল/পুকুরসমূহ (অনুমোদিত তালিকায় বর্ণিত) ১ বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র ১৪৩৩ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নির্ধারিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি হতে অনলাইনে ইজারার আবেদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। **আগামী ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন (২৩/০১/২০২৪ খ্রিঃ হতে ১৬/০২/২০২৪ খ্রিঃ তারিখ)** পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে জলমহাল ইজারার জন্য আবেদন করতে হবে (এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে)। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি, জামানত বাবদ ২০% হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূলকপি ও আবেদনের ফি বাবদ প্রদত্ত ৫০০/-(পাঁচশত) টাকার বিডি/পে-অর্ডারের মূলকপি সিলগালা মুখবন্ধ খামে ০৩ ফাল্গুন থেকে পরবর্তী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে। ভুল/মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ আবেদন বিবেচনাযোগ্য নয়।

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ ও ভূমি মন্ত্রণালয়ের অনলাইনে ইজারা প্রদানের বিষয়ে সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ইজারা কার্যক্রম পরিচালিত হবে। ইজারা সংশ্লিষ্ট অন্যান্য তথ্য, শর্তাবলী এবং ইজারাযোগ্য জলমহালের তালিকা উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), সরাইল, ব্রাহ্মণবাড়িয়া-এর কার্যালয়, নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.sarail.brahmanbaria.gov.bd) পাওয়া যাবে।

প্রকাশ থাকে যে অনুমোদিত তালিকায় ইজারাযোগ্য জলমহাল সংযোজন বা বিয়োজন হতে পারে।

শর্তাবলী ঃ

০১। সকল সরকারি খাস বদ্ধ জলমহাল বাংলা ১ বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র ১৪৩৩ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে।

০২। সমিতি/সংগঠনের রেজিস্ট্রেশন নম্বর ও তারিখসহ রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের হালনাগাদ প্রত্যয়নপত্র, প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তার প্রত্যয়নপত্র ও সমিতির নিকট সরকারি পাওনা নেই এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে উপজেলা/জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়নপত্র অনলাইনে সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল বলে গণ্য হবে।

০৩। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মৎস্য শিকার ও বিপননের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং কোন জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা অনলাইনে সংযুক্ত করতে হবে।

০৪। সমিতি/সংগঠনের গঠনতন্ত্র, নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম, ঠিকানা, ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি ও মোবাইল নম্বর, মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ-এর সত্যায়িত কপি, সমিতির সভার কার্যবিবরণী, সদস্যদের নামের তালিকা, ছবি, ঠিকানা ও জাতীয় পরিচয়পত্র এবং নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানাসহ), জলমহালে মৎস্য চাষের সুষ্ঠু পরিকল্পনা/রূপরেখা, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, হাল সন পর্যন্ত অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) ও টিআইএন নম্বর (যদি থাকে) সংযুক্ত করতে হবে। জলমহাল ব্যবস্থাপনা নীতি' ২০০৯ অনুযায়ী অনলাইনে চাহিত সকল তথ্যাদি/কাপজপত্র দাখিল করতে হবে।

০৫। বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হয়েছে (প্রযোজ্য ক্ষেত্রে) । উল্লেখ্য সরকারি মূল্যের কম ইজারা মূল্যে ইজারা দেওয়া হবে না।

০৬। জলাশয়ের তীরবর্তী বা নিকটবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবীদের সমিতিকে অগ্রাধিকার দেওয়া হবে। ইজারা বন্দোবস্ত ব্যতীত কোন খাস পুকুরে কেহ অবৈধভাবে দখল বা অনুপ্রবেশ করতে পারবে না বা মাছ ধরতে পারবে না, যদি কেহ ব্যত্যয় ঘটায় তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

০৭। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়ার অনুকূলে ০৩ বছরের উদ্ধৃত মুল্যের উপর ২০% অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক লিঃ, সরাইল শাখা হতে বিডি/পে-অর্ডার আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে এবং বিডি এর সাথে ১০/- টাকার রাজস্ব টিকিট (বিডি কালেকশন ফিস) বাবদ জমা দিতে হবে। উক্ত জামানতের অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে (প্রযোজ্য ক্ষেত্রে) ।

০৮। আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত পুকুরের ইজারা গ্রহীতাদের অনুকুলে আলাদাভাবে পত্র জারি করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে টাঙ্গানো হবে। ১ম+২য়+৩য় বছরের ইজারা মূল্যের অর্থ সরকারের জলমহাল ও পুকুর ইজারার জমার খাত **১৪১৫২০২ নং কোডে একযোগে এবং মোট ইজারা মূল্যের উপর ১০% আয়কর ১১১১১০১ নং এবং ১৫% ভ্যাট ১১৪১১০১ নং কোডে জমা দিয়ে** চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত পত্রে ও নোটিশের নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়করসহ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করে পুনঃ ইজারা প্রদান করা হবে।

০৯। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস/বৃদ্ধি করতে পারবে না। ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভিতর কোন অবকাঠামো নির্মাণ করতে পারবেন না। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না। ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বে-দখল করতে না পারে, তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

১০। মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১১। ইজারা গ্রহীতা কোন জলাশয় সাব-লিজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে ব্যবহার করতে পারবে না। যদি উক্তরূপ কার্যকলাপ পরিলক্ষিত বা প্রমাণিত হয়, তবে ইজারা বাতিল করা হবে এবং জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্তপূর্বক জলাশয় পুনঃইজারা প্রদান করা হবে। এ ক্ষেত্রে ঐ ইজারা গ্রহীতা/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১২। ইজারা গ্রহীতাকে সময়ে সময়ে জারীকৃত সরকারি আদেশ-নির্দেশ মেনে চলতে হবে। ইজারা প্রদানকৃত জলাশয়ে সরকারিভাবে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে, সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে।

১৩। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ জনস্বার্থে ৩০(ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। ইজারা গ্রহীতা উর্দ্ধতন সরকারি কর্মকর্তা, জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

১৫। যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। কোনক্রমেই কোন সমিতিকে ২(দুই) টির অধিক জলাশয় ইজারা/বন্দোবস্ত দেয়া হবে না। যে সকল সমিতি ইতোমধ্যেই দু'টি করে জলমহাল ইজারা পেয়েছে, তাদের আবেদন করার প্রয়োজন নেই। কোন সমিতি দু'টির বেশী জলমহাল ইজারা গ্রহণ করে থাকলে, প্রমাণ সাপেক্ষে তার ইজারা বাতিল করা হবে এবং এ জন্য কোন প্রকার ক্ষতি পূরণ প্রদান করা হবে না।

১৭। পুকুর ইজারা গ্রহণের পূর্বেই পুকুরের বাস্তব অবস্থা জেনে-শুনে-দেখে ইজারায় অংশগ্রহণ করতে হবে। অন্যথায় পরবর্তীতে কোনরূপ আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৮। ইজারামূল্য জমা দিতে ব্যর্থ সমিতিগুলো আগামী ০৩(তিন) বছরের মধ্যে কোন জলমহাল/পুকুর ইজারা গ্রহণের আবেদন দাখিল করতে পারবে না।

উল্লেখ্য, বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

সংযুক্তি: বর্ণনা মতে ইজারাযোগ্য জলমহালের তালিকা -০১(এক) ফর্দ ।

মোঃ মেজবা উল আলম ভূইয়া
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
মোবাইল ঃ ০১৭০৫-৪১১২৩৩
ই-মেইল ঃ unosarail@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.১২৯৪.০০০.৩৪.০১২.২৪.

তারিখ : ০২ মাঘ ১৪৩০
১৬ জানুয়ারি ২০২৪ খ্রি:

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য ঃ

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ৩১২, ব্রাক্ষণবাড়িয়া
০২. জেলা প্রশাসক, ব্রাক্ষণবাড়িয়া।
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), ব্রাক্ষণবাড়িয়া
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাক্ষণবাড়িয়া
০৫.ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাক্ষণবাড়িয়া

অনুলিপিঃ অবগতি ও বহুল প্রচারের জন্য ঃ

০৬. সহকারী কমিশনার (ভূমি), সরাইল ,ব্রাক্ষণবাড়িয়া
০৭. উপজেলা কৃষি কর্মকর্তা, সরাইল, ব্রাক্ষণবাড়িয়া
০৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরাইল থানা, সরাইল, ব্রাক্ষণবাড়িয়া
০৯-১৩.উপজেলা মৎস্য কর্মকর্তা/সমাজ সেবা কর্মকর্তা/যুব উন্নয়ন কর্মকর্তা/সমবায় কর্মকর্তা/মহিলা বিষয়ক কর্মকর্তা, সরাইল, ব্রাক্ষণবাড়িয়া
১৪. চেয়ারম্যান.....................................ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাক্ষণবাড়িয়া
১৫. ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা,.................................ইউনিয়ন ভূমি অফিস,সরাইল। বর্ণিত বিজ্ঞপ্তিটি যথা সময়ে ঢোলশহরত/ মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো। উপরোক্ত জলমহাল(পুকুর) ইজারা না দেয়া পর্যন্ত খাস আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৬. জনাব/বেগম..
১৭. নোটিশ বোর্ড

উপজেলা নির্বাহী অফিসার
সরাইল, ব্রাক্ষণবাড়িয়া

সংশোধিত তালিকা:

১৪৩১-১৪৩৩ বাংলা সনের ইজারাযোগ্য জলমহালের তফসিল:

উপজেলা- সরাইল   জেলা- ব্রাহ্মণবাড়িয়া

ক্রঃ নং	জলমহালের বিবরণ					সরকারি ইজারা মূল্য	
	জলমহালের নাম	ইউনিয়ন	মৌজা	দাগ নম্বর	পরিমাণ (একর)	পূর্বে	বর্তমানে ৫% বৃদ্ধি
০১	সাগরদিঘী খাস পুকুর	সরাইল	সরাইল	৪৯৬৭	৮.০২	৩১,৭১০.০০	৩৩,২৯৬.০০
০২	উচালিয়াপাড়া খাস পুকুর	সরাইল	সরাইল	৭১৯৯	০.৩৮	১,৬৮০.০০	১৭৬৪.০০
০৩	গগনতলা খাস পুকুর	সরাইল	সরাইল	৫৮৩	১.০৩	৩,৫১৮.০০	৩,৬৯৪.০০
০৪	বিটঘর খাস পুকুর (পুর্ব)	পানিশ্বর	বিটঘর	৩৩৮২	১.১১	৫,৫১৩.০০	৫৭৮৯.০০
০৫	বিটঘর দক্ষিণ খাস পুকুর	পানিশ্বর	বিটঘর	৩২১৭	০.৭২	৪,৪৬৩.০০	৪৯৭৬.০০
০৬	টিঘর নয়া খাস পুকুর	পানিশ্বর	টিঘর	৩৭৭৭	১.৩৫	৪৬,৩০৫.০০	৪৮৬২১.০০
০৭	মলাইশ(চামার বাড়ি) খাস পুকুর	শাহজাদাপুর	মলাইশ	২৩৩৬	০.৯২	১২,৭০৫.০০	১৩৩৪১.০০
০৮	শাহজাদাপুর খাস পুকুর	শাহজাদাপুর	শাহজাদাপুর	২৬২৯	০.৪৭	৩,৮৩৩.০০	৪০২৫.০০
০৯	ভূইশ্বর খাস পুকুর	পাকশিমুল	ভূইশ্বর	১০৩১	১.৫৬	১২,৪৪৩.০০	১৩০৬৫.০০
১০	ভূইশ্বর খাস পুকুর	পাকশিমুল	ভূইশ্বর	১০৪৯	১.০৩	৩,৫১৮.০০	৩৬৯৫.০০
১১	তিয়োরকোনা খাস পুকুর	নোয়াগাঁও	তিয়োরকোনা	৯৫৭	০.৮৩	২০,০০৪.০০	২১০০৫.০০
১২	শাহজাদাপুর খাস পুকুর (জোড়াদিঘী দক্ষিণ)	শাহজাদাপুর	শাহজাদাপুর	৩০৭৭	১২.২২	৫৩,২৮৮.০০	৫৫,৯৫৩.০০
১৩	শাহজাদাপুর খাস পুকুর (জোড়াদিঘী উত্তর)	শাহজাদাপুর	শাহজাদাপুর	৩১৬৩	৯.৪০	৩৫,৩৪৩.০০	৩৭,১১০.০০
১৪	শাহজাদাপুর খাস পুকুর (কুমুড়িয়া)	শাহজাদাপুর	শাহজাদাপুর	২৬৮২	৪.৫০	১৪,৫৯৫.০০	১৫,৩২৫.০০
১৫	টিঘর খাস পুকুর (উত্তর-পূর্ব)	পানিশ্বর	টিঘর	৩২১২	১.২৫	৯,০৭২.০০	৯৫২৬.০০
১৬	ঘাগড়াজোড় খাস পুকুর	চুন্টা	ঘাগড়াজোড়	৩১৬	০.৫৬	১৪,১৭৫.০০	১৪,৮৮৪.০০
১৭	দেওড়া তারা খাস পুকুর	শাহজাদাপুর	দেওড়া	৮৮৫	০.৭৫	১৯,৭৪০.০০	২০,৭২৭.০০
১৮	নদ্যাপাড়া খাস পুকুর	নোয়াগাঁও	তিয়োরকোনা	৫২৬	০.৪৯	৬২১৪.০০	৬৫২৫.০০
১৯	পরমানন্দপুর খাস পুকুর	পাকশিমুল	পরমানন্দপুর	৭৬২	৩.৪২	৬৬১৫.০০	৬,৯৪৬.০০

২০	মোগলাই খাস পুকুর	সরাইল	সরাইল	৪৭৭৩	১.০৪	৪৭,২৯৮.০০	৪৯,৬৬৩.০০
২১	মোগলাই খাস পুকুর ১	সরাইল	সরাইল	৪৭৭৪	০.৯২	৩৮,৯৫৫.০০	৪০,৯০৩.০০
২২	কালিশিমুল খাস পুকুর	পাকশিমুল	কালিশিমুল	৯৬১	১.৭০	৩,৫১৮.০০	৩৬৬৪.০০
২৩	কানিউচ্ছ খাস পুকুর	নোয়াগাঁও	কানিউচ্ছ	১২৬	০.২৫	১,৮৭৫.০০	১৯৬৯.০০
২৪	মোগলাই খাস পুকুর	সরাইল	সরাইল	৪৭৯৬	০.৭২	৩৪,৪৯৮.০০	৩৬,২২৩.০০
২৫	সৈয়দটুলা খাস পুকুর	সরাইল	সরাইল	৪০৭৬	০.৩১	১৯৬৯.০০	২০৬৮.০০
২৬	মলাইশ খাস পুকুর ১	শহজাদাপুর	মলাইশ	১৫৬৩	০.৫৮	১৯৬৯.০০	২০৬৮.০০
২৭	গাজীপুর (উত্তর) খাস পুকুর	শাহজাদাপুর	গাজীপুর	১০৫৯	০.৩৪	১১৫৯.০০	১২১৭.০০
২৮	ভূইশ্বর খাস পুকুর ২	পাকশিমুল	ভূইশ্বর	৯১০	০.২৭	১৯৬৯.০০	২০৬৮.০০
২৯	বাদে অরুয়াইল খাস পুকুর	অরুয়াইল	বাদে অরুয়াইল	২৩৯	০.৬৩	১৯৬৯.০০	২০৬৮.০০
৩০	জয়ধরকান্দি খাস পুকুর	পাকশিমুল	জয়ধরকান্দি	৭৯৫৬	০.৩০	১৯৬৯.০০	২০৬৮.০০
৩১	জয়ধরকান্দি খাস পুকুর ১	পাকশিমুল	জয়ধরকান্দি	৭৯৫৭	০.২৯	১৯৬৯.০০	২০৬৮.০০
৩২	ব্রাহ্মণগাঁও খাস পুকুর	পাকশিমুল	ব্রাহ্মণগাঁও	৪৯৭	০.৩৫	১,৬৬৫.০০	১৭৪৯.০০
৩৩	ধীতপুর খাস পুকুর	শাহবাজপুর	বড়ধীতপুর	২২৪	০.৬২	১০,৩৪৭.০০	১০,৯৫২.০০

মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া